

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
www.cagbd.org

নম্বর-সিএজি/জিবি-১/বিবিধ/১৩২৮/ ৭৬

তারিখঃ ০৭-০৭-২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ আর্থিক, পারফরমেন্স ও ইস্যুভিত্তিক মানসম্পন্ন অডিট রিপোর্ট বৃদ্ধিকরণ।

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় সরকারি আর্থ-ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও যথার্থতা নিশ্চিতকরণে কমপ্লায়েন্স, ফিন্যান্সিয়াল ও পারফরমেন্স অডিট পরিচালনা করে। সরকারের কলেবর বৃদ্ধির ফলে অডিটের সীমিত জনবল দিয়ে ব্যাপকভিত্তিক অডিট কার্যক্রম সম্পাদন করা যাচ্ছে না। ফলে অনেক সরকারি প্রতিষ্ঠান ও প্রকল্প যথাযথ অডিট হচ্ছে না। সময়ের দাবী অনুযায়ী ফিন্যান্সিয়াল অডিট, পারফরমেন্স অডিট, আইটি অডিট ও ইস্যুভিত্তিক অডিট সম্পন্ন করার মতো দক্ষ জনশক্তি অডিট অধিদপ্তরসমূহে অপ্রতুল। তদুপরি অডিট কার্যে দক্ষ, অভিজ্ঞ ও প্রফেশনাল সনদপ্রাপ্ত অনেক কর্মকর্তা পদোন্নতি এবং পদায়নের কারণে অডিট অধিদপ্তরের বাইরে হিসাব সার্কেল, লিয়েন ও ডেপুটেশনে অবস্থান করছেন। অডিট কার্যক্রমে প্রত্যক্ষ দায়িত্ব না থাকার কারণে প্রফেশনাল সনদ অর্জনকারী এবং বিশেষায়িত অডিট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত অনেক কর্মকর্তা তাদের অর্জিত জ্ঞান প্রয়োগ করার সুযোগ পাচ্ছেন না এবং চর্চার অভাবে তাদের পেশাগত দক্ষতাহ্রাস পাচ্ছে।

এমতাবস্থায় অডিট বিভাগের দক্ষ জনশক্তির সর্বোত্তম ব্যবহার এবং মানসম্পন্ন কমপ্লায়েন্স অডিট, ফিন্যান্সিয়াল অডিট, পারফরমেন্স অডিট, আইটি অডিট ও ইস্যুভিত্তিক অডিটের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেছেনঃ

- ১। অডিট অধিদপ্তরে পদায়িত না হলেও প্রফেশনাল সনদ অর্জনকারী, অডিট সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত এবং পাইলট অডিটে অভিজ্ঞ কর্মকর্তাগণ বৎসরে অন্তত একটি অডিট দলে অন্তর্ভুক্ত হয়ে অডিট কার্যক্রম সম্পন্ন করবে।
- ২। মিশন অডিটে যাওয়ার পূর্বে কর্মকর্তাগণ সরাসরি সম্পৃক্ত থেকে একটি স্থানীয় অডিট সম্পন্ন করবে। মিশন অডিট প্রদানের ক্ষেত্রে উক্ত অডিট রিপোর্টের মান বিবেচনা করা হবে।
- ৩। অডিট অধিদপ্তরসমূহ আওতাধীন অডিট প্রতিষ্ঠান বিবেচনায় নিয়ে কমপ্লায়েন্স অডিটের পাশাপাশি ফিন্যান্সিয়াল অডিট, পারফরমেন্স অডিট, আইটি অডিট ও ইস্যুভিত্তিক অডিট সম্পাদনের উদ্যোগ গ্রহণ করবে।
- ৪। নিরীক্ষা ও হিসাব বিভাগের সকল দক্ষ, অভিজ্ঞ ও প্রশিক্ষিত কর্মকর্তাগণকে সরাসরি অডিট কার্যক্রমে অন্তর্ভুক্ত করার বিষয়ে ডিজি ফোরাম আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা অডিট ভবনে প্রেরণ করবে। মহাপরিচালক, পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ অডিট অধিদপ্তর বর্ণিত কার্যক্রমের সমন্বয়ক হিসাবে দায়িত্ব পালন করবে।
- ৫। তৃতীয় গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

স্বাক্ষরিত

(মোঃ মাহবুবুল হক)

ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিনিয়র)

ফোন-৪৮৩২২০৬৪।

নম্বর-সিএজি/জিবি-১/বিবিধ/১৩২৮/ ২৩৬

তারিখঃ ০৭-০৭-২০২০ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- ৫। মহাপরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
- ৬। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৭। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।
- ৮। উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি), সিএজিকার্যালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, রাজস্ব অডিট/প্রতিরক্ষা অডিট/শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট/পরিবহন অডিট/গৃহায়ন ও ভৌত অবকাঠামোঅডিট/বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট/আর্থিক ও উপযোজন হিসাব অডিট/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/ পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ অডিট/আইটি অডিট/শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অডিট/কৃষি ও পরিবেশ অডিট/পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট/সামাজিক নিরাপত্তা ও কল্যাণ অডিট/বিদ্যুৎ জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ অডিট/জনপ্রশাসন ও সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, ঢাকা।
- ১০। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (নৌ বাহিনী/বিমান বাহিনী/পূর্ত/প্রতিরক্ষা ক্রয়), ঢাকা।
- ১১। এফএএন্ডসিএও (পূর্ব/পশ্চিম/প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী/ঢাকা।
- ১২। পরিচালক, এমআইএস, সিএজি কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
- ১৪। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রশাসন শাখা/জিবি-২/আইএডব্লিউ/রিপোর্ট-১/রিপোর্ট-২, সিএজি কার্যালয়, ঢাকা।
- ১৫। গার্ড ফাইল/ব্যক্তিগত নথি।

(মোহাম্মদ জাহাঙ্গীর আলম খান রানা)

অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)

ফোনঃ ৪৮৩১০১৭০।